# এশিয়া কাপ শুরু আজ, উদ্বোধনী ম্যাচে আফগানিস্তান-হংকং মুখোমুখি




সংগৃহীত ছবি

আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে আজ রাত ৮টায় শুরু হচ্ছে এশিয়া কাপের ১৭তম আসর। উদ্বোধনী ম্যাচে মাঠে নামবে আফগানিস্তান ও হংকং। এবারও টুর্নামেন্ট হবে টি-টোয়েন্টি ফরম্যাটে, যেখানে অংশ নিচ্ছে আটটি দল। বাংলাদেশ গ্রুপ পর্বের ম্যাচগুলো খেলবে আবুধাবিতেই, লক্ষ্য শিরোপা জয়।

আজ থেকে শুরু হচ্ছে এশিয়া কাপ ক্রিকেটের ১৭তম আসর। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে আফগানিস্তান ও হংকং। ম্যাচটি অনুষ্ঠিত হবে আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে বাংলাদেশ সময় রাত ৮টায়।

এশিয়া কাপের ইতিহাসে এর আগে ১৬ আসরের মধ্যে ১৪টি হয়েছে ওয়ানডে ফরম্যাটে। তবে এটি হবে তৃতীয়বারের মতো টি-টোয়েন্টি ফরম্যাটে আয়োজিত এশিয়া কাপ। এবারে অংশ নিচ্ছে আটটি দল – ভারত, পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, আফগানিস্তান, আরব আমিরাত, ওমান এবং হংকং।

বাংলাদেশ দলের জন্য গ্রুপ পর্বের সবগুলো ম্যাচ অনুষ্ঠিত হবে আবুধাবিতে। টাইগাররা তাদের মিশন শুরু করবে বৃহস্পতিবার হংকংয়ের বিপক্ষে ম্যাচ দিয়ে। তবে গ্রুপ পর্ব পেরোতে হলে শ্রীলঙ্কা ও আফগানিস্তানের মতো শক্ত প্রতিপক্ষের মুখোমুখি হতে হবে। প্রতি গ্রুপ থেকে শীর্ষ দুই দল সুপার ফোরে উঠবে। সেখানে প্রতিটি দল একে অপরের বিপক্ষে একবার করে খেলবে। এরপর সেরা দুই দল যাবে ফাইনালে।

৮ দলের অংশগ্রহণে মোট ১৯টি ম্যাচ অনুষ্ঠিত হবে। চ্যাম্পিয়ন দল নির্ধারিত হবে ২৮ সেপ্টেম্বর দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামে ফাইনালের মাধ্যমে। এর আগে এখানেই অনুষ্ঠিত হয়েছে অনেক স্মরণীয় ম্যাচ ও টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনাল।

এবারের আসরে আরও একটি বাড়তি আকর্ষণ হচ্ছে ভারত-পাকিস্তান ম্যাচ। সেই হাইভোল্টেজ ম্যাচে ফিল্ড আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করবেন বাংলাদেশের মাসুদুর রহমান মুকুল। তার সঙ্গে থাকবেন শ্রীলঙ্কার রুচিরা পালিয়াগুরুগে।

আয়োজক হিসেবে সংযুক্ত আরব আমিরাত ইতোমধ্যেই ভেন্যুগুলোকে আধুনিক সাজে প্রস্তুত করেছে। ফলে এবারের এশিয়া কাপ ঘিরে ক্রিকেট বিশ্বে উত্তেজনা তুঙ্গে।